গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

নভেল করোনাভাইরাস ২০১৯ (COVID-19) সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ০১ এপ্রিল, ২০২০

স্বাস্থ্য অধিদপ্তরের সংবাদ বিজ্ঞপ্তি

৩ ২৪ ঘন্টায় আক্রান্ত	৫৪ মোট আক্রান্ত	২৬ মোট সুস্থ
৬ মোট মৃত্যু		
৬০,৭১০ মোট কোয়ারেন্টাইন	৪২,৭১২ কোয়ারেন্টাইন হতে ছাড়প্রাপ্ত	১৭,৯৯৮ বর্তমান কোয়ারেন্টাইন
৩৬৮ মোট আইসোলেশন	২৯৫ আইসোলেশন হতে ছাড়প্রাপ্ত	৭৩ বর্তমান আইসোলেশনে

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ বেলা ১২.১৫ ঘটিকায় অধিদপ্তরের ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস) -এর কনফারেন্স কক্ষে অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। নিজ বাস ভবন থেকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি মহোদয় এবং স্বাস্থ্য অধিদপ্তর থেকে পরিচালক (এমআইএস) এন্ড লাইন ডাইরেক্টর (এইচআইএস এন্ড ই-হেল্থ) ডাঃ মোঃ হাবিবুর রহমান ব্রিফিং এ অংশ নেন। ব্রিফিং এ আরও উপস্থিত ছিলেন ভাইরোলজিস্ট, ন্যাশনাল পোলিও এন্ড মিজেলস ল্যাবরেটরী, আইপিএইচ, ডাঃ খন্দকার মাহবুবা জামিল।

- মাননীয় মন্ত্রী মহোদয় প্রেস ব্রিফিং এ কোভিড-১৯ মোকাবেলায় নিয়োজিত স্বাস্থ্যবিভাগ এর কর্মকর্তা, কর্মচারীসহ অন্যান্য বিভাগের সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি সকলকে কোভিড-১৯ সংক্রমণ থেকে নিরাপদে থাকার জন্য স্বাস্থ্যবিধি মেনে চলা, নিয়মিত হাত ধোয়া,বাসার বাইরে গেলে মাস্ক পরিধান করা এবং পর্যাপ্ত পানি পান করার পরামর্শ দেন। তিনি বলেন কোভিড-১৯ চিকিৎসার জন্য হাসপাতালগুলোতে আইসিইউ বেড প্রস্তুত আছে। তিনি সকলকে নিরাপদে ঘরে থাকার এবং কোয়ারেন্টাইন মেনে চলার আহবান জানান এবং সরকারী চিকিৎসকদের পাশাপাশি বেসরকারি চিকিৎসকদের এই কোভিড-১৯ মোকাবেলায় এগিয়ে আসার আহবান জানান।

- ব্রিফিং এ পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর এর পক্ষ হতে জানান কোভিড-১৯ প্রতিরোধে গোটা বিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশও কোভিড-১৯ প্রতিরোধে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি স্বাস্থ্য অধিদপ্তর এর পক্ষ হতে জনগণকে স্বাস্থ্যবিধি ও কোয়ারেন্টাইন বিধিমালা কঠোরভাবে মেনে চলার অনুরোধ জানান। হটলাইনে চিকিৎসা প্রদানকারী চিকিৎসকদের সাথে অশালীন আচরণ না করার জন্য অনুরোধ জানান।

- প্রেস ব্রিফিং এ ভাইরোলজিস্ট, ন্যাশনাল পোলিও এন্ড মিজেলস ল্যাবরেটরী, আইপিএইচ, ডাঃ খন্দকার মাহবুবা জামিল জানান, কোন মৃত ব্যক্তির নাক-মুখ নিঃসৃত পদার্থে ২-৪ ঘণ্টা পর্যন্ত কোভিড-১৯ এর জীবাণু জীবিত থাকে। তবে ভাইরাস আক্রান্ত হলে মৃত ব্যক্তির নাক-মুখের ভিতর জীবিত বা মৃত ভাইরাস থাকলে তা পিসিআর পরীক্ষায় পজিটিভ আসবে।

বৈশ্বিক ও আঞ্চলিক পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা)

(Source link: https://www.who.int/docs/default-source/coronaviruse/situation-reports/20200331-sitrep-71-covid-19.pdf?sfvrsn=4360e92b_4)

আজ পর্যন্ত বিশ্বে সর্বমোট ৭,৫০,৮৯০ জন করোনা ভাইরাসে আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে। এদের মধ্যে মৃত্যুবরণ করেছেন ৩৬,৪০৫ জন। গত ২৪ ঘন্টায় বিশ্বে মোট আক্রান্ত রোগীর সংখ্যা **৫৭,৬১০** জন, যাদের মধ্যে মৃত্যুর সংখ্যা **৩,৩০১** । দক্ষিণ-পূর্ব এশিয়ায় গত ২৪ ঘন্টায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা **১৩১** জন এবং মৃত্যুসংখ্যা **৮** । এ অঞ্চলে এ পর্যন্ত করোনা ভাইরাসে আক্রান্ত রোগী পাওয়া গেছে **৪,২১৫** জন এবং মোট মৃত্যুসংখ্যা **১৬৬** ।

বাংলাদেশ পরিস্থিতি

কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী (সূত্রঃ আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

(৩১ মার্চ দুপুর ১২:০০ ঘটিকা থেকে ১ এপ্রিল বেলা ১২:০০ ঘটিকা)

পরীক্ষাকৃত		সনাক্ত		মৃত্যু		অদ্যাবধি সুস্থ	বর্তমানে ভর্তি
১ এপ্রিল পর্যন্ত	২৪ ঘণ্টায়	১ এপ্রিল পর্যন্ত	২৪ ঘণ্টায়	১ এপ্রিল পর্যন্ত	২৪ ঘণ্টায়	২৬	২২
১,৭৫৯	১৫৭	৫৪	৩	৬	১		

প্রতিষ্ঠান	কোভিড-১৯ পরীক্ষা	
	গত ২৪ ঘণ্টায়	সর্বমোট
আইইডিসিআর	৯৭	১৪৭৬
বিআইটিআইডি	০	২৮
আইপিএইচ	৬	৭
ঢাকা শিশু হাসপাতাল	১৫	১৯
আইসিডিডিআরবি	৩৯	২০৮
আর্মড ফোর্সেস ইন্সটিটিউট অব প্যাথলজি	০	২১
মোট	১৫৭	১৭৫৯

অন্যান্য তথ্যঃ

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য

(সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম (HEOC & Control Room), স্বাস্থ্য অধিদপ্তর)

	গত ২৪ ঘন্টায় (৩১ মার্চ সকাল ৮:০০ থেকে ১ এপ্রিল সকাল ৮:০০)		১ এপ্রিল ২০২০ পর্যন্ত		বর্তমানে মোট কোয়ারেন্টাইন
	কোয়ারেন্টাইন	ছাড়	কোয়ারেন্টাইন	ছাড়	
হোম কোয়ারেন্টাইন	১,৪৫৩	৫,১২২	৬০,৪৭৬	৪২,৫৭১	১৭,৯০৫
হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন	৬	৮	২৩৪	১৪১	৯৩
সর্বমোট	১৪৫৯	৫,১৩০	৬০,৭১০	৪২,৭১২	১৭,৯৯৮

আইসোলেশন সম্পর্কিত তথ্য (সূত্রঃ আইইডিসিআর/ হেল্‌থ ইমারজেন্সী এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

আইসোলেশন সম্পর্কিত তথ্য	গত ২৪ ঘন্টায় (৩১ মার্চ দুপুর ১২:০০ থেকে ১ এপ্রিল দুপুর ১২:০০)		১ এপ্রিল ২০২০ পর্যন্ত		বর্তমানে আইসোলেশন
	আইসোলেশন	ছাড়	আইসোলেশন	ছাড়	
	৯	১	৩৬৮	২৯৫	৭৩

মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান (সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি সর্বমোট
১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন)	৬৫,৮৬৭	৯,৭৪,৭৭৩
৩৩৩	১,৭১৪	৩৭,৪০৭
আইইডিসিআর (০১৯৪৪৩৩৩২২২, ১০৬৫৫)	২,৬৫৯	৮২,৩৩৭
মোট ফোন কলের সংখ্যা	৭০,২৪০	১০,৯৪,৫১৭

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য

(সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি সর্বমোট
আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ	০০	৩,২২,৪২৩
সমুদ্রবন্দর সমূহ	৮৬	১১,২২৯
স্থলবন্দর সমূহ	২২৭	৩,২৫,৮৪৯
ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন	০০	৭,০২৯
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা	৩১৩	৬,৬৬,৫৩০

করোনাভাইরাস (COVID-19) লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

(০১-০৪-২০২০ সকাল ৮:০০ ঘটিকা পর্যন্ত সর্বশেষ আহরণ ও বিতরণ অনুযায়ী) (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

সরঞ্জামের নাম	মোট সংগ্রহ	মোট বিতরণ	বর্তমান মজুদ
পিপিই (PPE)	৩,৯২,৫৪০	৩,৩৯,৪৫০	৫৩,০৯০
পিসিআর কিটস	৯২,০০০	২১,০০০	৭১,০০০

করোনাভাইরাস (COVID-19) নিয়ন্ত্রণ ও প্রতিরোধে নিম্নোক্ত গাইডলাইন সমূহ তৈরী করা হয়েছে।

১। করোনা (COVID-19) আক্রান্ত রোগীর হাসপাতাল ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP)

২। করোনা (COVID-19) নিয়ন্ত্রণের লক্ষ্যে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী বা Personal Protective Equipment (PPE) এর যুক্তিসংগত ব্যবহার

৩। করোনা (COVID-19) জীবানুমুক্তকরণ এবং পরিবেশগত সংক্রমণ রোধ সংক্রান্ত নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP)

৪। বাড়িতে পরিচর্যার নির্দেশনা: করোনা (COVID-19) আক্রান্ত সন্দেহজনক রোগী, যার মৃদু সংক্রমণ রয়েছে, এবং করোনা (COVID-19) আক্রান্ত রোগী যার হাসপাতালে থাকার প্রয়োজন নেই তাদের জন্য প্রযোজ্য

৫। বিশ্বজুড়ে COVID-19 প্রতিরোধে গর্ভবতী মা ও পরিবারের করণীয়

৬। করোনা (COVID-19) সংক্রান্ত কুসংস্কার দূরীকরণ

৭। করোনা (COVID-19) ভাইরাস সংক্রমণ : মানসিক চাপমুক্ত থাকতে কি করবেন

৮। করোনা (COVID-19) ভাইরাস সংক্রমণ: শিশুদের মানসিক চাপমুক্ত থাকতে কি করবেন

৯। করোনা (COVID-19) রোগে মৃতব্যক্তির মৃতদেহ নিরাপদভাবে দাফন/ সৎকার/ ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP)

১০। করোনা ভাইরাস রোগ/ কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তিদের সংস্পর্শে আসা সন্দেহে থাকা ব্যক্তিদের কোয়ারেন্টাইন সম্পর্কে জ্ঞাতব্য

১১। হাসপাতাল ও বিমানবন্দরে কোভিড-১৯ এর বর্জ্য ব্যবস্থাপনার গাইডলাইন তৈরি করা হয়েছে।

১২। করোনা মোকাবেলায় জীবাণুনাশক দ্রবণ তৈরীর নিয়ম।

১৩। করোনা (COVID-19) কেইস ডেফিনেশন।

১৪। কোভিড১৯ এবং সামজিক কুসংস্কার বা সোশ্যাল স্টিগমা-

১৫। করোনা (COVID-19) রোগী সনাক্তকরণের পরীক্ষায় অনুসরনীয় বিষয়সমূহ।

১৬। করোনা (COVID-19) এর জন্য কর্মক্ষেত্র প্রস্তুতকরণ।

১৭। হাসপাতালে করোনা সংক্রান্ত বর্জ্য পরিচালনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (এসওপি)
১৮। কোভিড-১৯ প্রাদুর্ভাব এর সময় প্রতিবন্ধিদের জন্য বিবেচ্য বিষয়সমূহ এর গাইডলাইন এর বাংলা অনুবাদ চলছে।
(https://dghs.gov.bd/index.php/bd/publication/guideline)

স্বেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে নিবন্ধনকৃত চিকিৎসক সংখ্যাঃ

(০১-০৪-২০২০ সকাল ০৮:০০ ঘটিকা পর্যন্ত)

মোট নিবন্ধনকৃত	কোভিড-১৯ বিষয়ক অনলাইন কোর্স সম্পন্ন করেছেন	হটলাইন সিস্টেমে চিকিৎসাসেবা ও তথ্য প্রদানে যুক্ত হয়েছেন
২০,২৪৭	১০,৮১২	১,৬৫৬

কোভিড-১৯ চিকিৎসা ব্যবস্থাপনা ও হাসপাতাল সংক্রমণ এবং নিয়ন্ত্রণের জন্য প্রশিক্ষনঃ

(০১-০৪-২০২০ সকাল ০৮:০০ ঘটিকা পর্যন্ত)

চিকিৎসক	নার্স	মেডিকেল টেকনোলজিস্ট
৮৫০	১০৩	১৯০ টি স্বাস্থ্য প্রতিষ্ঠান

কোভিড-১৯ পরীক্ষা কেন্দ্রসমূহ

ক) নিম্নের প্রতিষ্ঠান সমূহে কোভিড-১৯ এর পিসিআর পরীক্ষা করা হচ্ছে।

ঢাকায়	ঢাকার বাইরে
১) আইইডিসিআর ২) আইপিএইচ ৩) আইসিডিডিআরবি ৪) আর্মড ফোর্সেস ইন্সটিটিউট অব প্যাথলজি ৫) শিশু হাসপাতাল (চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশন এর সহায়তায়)	১)বাংলাদেশ ইন্সটিটিউট অফ ট্রপিকাল মেডিসিন, চট্টগ্রাম

খ) নিম্নের প্রতিষ্ঠান সমূহে কোভিড-১৯ এর পিসিআর পরীক্ষা করার জন্য প্রস্তুত আছে

ঢাকায়	ঢাকার বাইরে
১) বিএসএমএমইউ ২) ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন, ঢাকা ৩) আইদেশী (ideSHi)	১) ময়মনসিংহ মেডিকেল কলেজ ২) রাজশাহী মেডিকেল কলেজ ৩) রংপুর মেডিকেল কলেজ

02/04/2020

(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।